

# ঢাকা ওয়াসা

বিষয়ঃ- ঢাকা ওয়াসায় নবনিযুক্ত ৫০ জন রাজস্ব পরিদর্শক ও ৪৩ জন বিলিং সহকারীদের জন্য ৪ ব্যাচে “ওরিয়েন্টেশন কোর্স” আয়োজন প্রসঙ্গে।

০১। বিবেচ্য বিষয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৪-২৫ অর্থ বছরের জন্য প্রণীত প্রশিক্ষণ পরিকল্পনায় ঢাকা ওয়াসায় নবনিযুক্তদের জন্য ওরিয়েন্টেশন কোর্স অন্তর্ভুক্ত রয়েছে। সম্প্রতি ঢাকা ওয়াসায় ৫০ জন রাজস্ব পরিদর্শক ও ৪৩ জন বিলিং সহকারী নিয়োগ প্রদান করা হয়েছে। উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থ) মহোদয় নবনিযুক্ত ৫০ জন রাজস্ব পরিদর্শক ও ৪৩ জন বিলিং সহকারীদেরকে ঢাকা ওয়াসার রাজস্ব উইং এর কার্যক্রম সম্পর্কে পরিচিত করানোর লক্ষ্যে ওরিয়েন্টেশন কোর্স আয়োজনের জন্য টেলিফোনে মৌখিক নির্দেশ প্রদান করেছেন। ওরিয়েন্টেশন কোর্সের মাধ্যমে যাতে নবনিযুক্ত রাজস্ব পরিদর্শক ও বিলিং সহকারীগণ রাজস্ব উইং এর কার্যক্রম সম্পর্কে সম্যক স্পষ্ট ধারণা লাভ করতে পারেন সে নিরীখে সংক্ষিপ্ত কোর্স প্রোগ্রাম (সংযুক্ত) প্রণয়ন করা হয়েছে। উক্ত ওরিয়েন্টেশন কোর্সের ১ম, ২য়, ৩য়, ও ৪র্থ ব্যাচ যথাক্রমে আগামী ১১, ১২, ১৩ ও ১৪ নভেম্বর, ২০২৪ তারিখে অথবা সুবিধাজনক সময়ে পূর্ণ কর্মদিবসব্যাপী ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজন করা যেতে পারে। উক্ত ওরিয়েন্টেশন কোর্সে বিভিন্ন বিষয়ে ব্রিফিং/বক্তৃতা প্রদানের জন্য ঢাকা ওয়াসার সংশ্লিষ্ট সিনিয়র কর্মকর্তাদের আমন্ত্রণ জানানো হবে। ৪ ব্যাচের পূর্ণ কর্মদিবসব্যাপী উক্ত ওরিয়েন্টেশন কোর্সে অংশগ্রহণের জন্য প্রশাসন বিভাগ-১ ও প্রশাসন বিভাগ-২ হতে প্রাপ্ত তালিকা অনুযায়ী নবনিযুক্ত ৫০ জন রাজস্ব পরিদর্শক ও ৪৩ জন বিলিং সহকারী সর্বমোট ৯৩ (তিরানবাই) জনকে মনোনয়ন দেয়া যেতে পারে।

০২। নবনিযুক্ত ৯৩ (তিরানবাই) জনের জন্য পূর্ণ কর্মদিবসব্যাপী ৪ ব্যাচের কোর্সটি সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

|                                       |             |                                                                                  |
|---------------------------------------|-------------|----------------------------------------------------------------------------------|
| (ক) বক্তার সম্মানী                    | ৩৮,০০০/-    | (৪ সেসন ২,০০০/- টাকা হারে+ ১ সেসন ১,৫০০/- টাকা হারে)X ৪ ব্যাচ                    |
| (খ) প্রশিক্ষণার্থীদের ভাতা            | ৩৭,২০০/-    | ৪ ব্যাচের ৯৩ জন ৪০০/- টাকা হারে                                                  |
| (গ) দুপুরের খাবার ও চা নাস্তা ২ বার   | ৭২,০০০/-    | (২৪ জন প্রশিক্ষণার্থী, বক্তা ও সাপোর্টিং স্টাফসহ ৩০ জন ৬০০/- টাকা হারে)X ৪ ব্যাচ |
| (ঘ) পানি                              | ৩,২৪০/-     | দিনের জন্য আধা লিটার ২৪ কেস ১৩৫/- টাকা হারে                                      |
| (ঙ) ব্যাগ, নোটবুক ও কলম               | ৩৫,৩৪০/-    | ৯৩ সেট ৩৮০/- টাকা হারে                                                           |
| (চ) কোর্স ম্যাটারিয়াল ফটোকপি ও বিবিধ | ৮,০০০/-     | আনুমানিক লামসাম                                                                  |
| সর্বমোট                               | =১,৯৩,৭৮০/- | কথায়ঃ টাকা এক লক্ষ তিরানবাই হাজার সাতশত ষাট মাত্র                               |

০৩। এমতাবস্থায়, নবনিযুক্ত ৫০ জন রাজস্ব পরিদর্শক ও ৪৩ জন বিলিং সহকারী এর মনোনয়ন, ওরিয়েন্টেশন কোর্সের প্রশিক্ষণসূচী, কোর্স আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট =১,৯৩,৭৮০/- (টাকা এক লক্ষ তিরানবাই হাজার সাতশত ষাট মাত্র) ব্যয়ের অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশি হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। কোর্স সমাপ্তির পর সমুদয় ব্যয়ের অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হ'ল।

M. Uddin  
3.11.24

মোঃ ওয়াজ উদ্দীন  
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা  
(কারিকুলাম ও মূল্যায়ন)  
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা।

এ. এম. মোস্তফা ভায়েক  
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা  
ঢাকা ওয়াসা।

উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থব্যবস্থাপন ও প্রশাসন)

মোঃ আতিকুর রহমান  
০৩/১১/২৪  
(অতিরিক্ত দায়িত্ব)  
ঢাকা ওয়াসা

মোঃ ফজলুর রহমান  
উপ-ব্যবস্থাপনা পরিচালক  
ওয়াসা।